কুষ্টিয়ায় বিএনপি কার্যালয়ে ভাঙচুর করেছে দুর্বৃত্তরা

কুষ্টিয়া জেলা বিএনপির কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙচুর করেছে একদল দুর্বৃত্ত। শনিবার বিকেল সাড়ে চারটার দিকে শহরের এনএস রোডে পাবলিক লাইব্রেরির সামনে অবস্থিত ওই কার্যালয়ে এ হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।

গতকাল শুক্রবার দিবাগত রাতে শহরের পাঁচ রাস্তার মোড়ে নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরের ঘটনার ১৫ ঘণ্টার মধ্যে বিএনপি কার্যালয়ে ভাঙচুরের ঘটনা ঘটল। তবে দুটি ঘটনায় পুলিশ এখনও কাউকে আটক করতে পারেনি।

জেলা বিএনপির সভাপতি সৈয়দ মেহেদী আহম্মেদ জানান, দুপুরে কার্যালয়ে বৈঠক করেন তাঁরা। বেলা তিনটার দিকে নেতা–কর্মীরা কার্যালয় ছেড়ে বাড়ি চলে যান। কার্যালয় খোলা রেখে সেখানে একজন পিয়ন ছিলেন। বিকেল পৌনে পাঁচটার দিকে জানতে পারেন কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙ্চুর করা হয়েছে।

সৈয়দ মেহেদী আহম্মেদ বলেন, একদল সন্ত্রাসী হামলা চালিয়ে তাঁদের কার্যালয় ভাঙচুর করেছে। কার্যালয়ে থাকা চেয়ার–টেবিল ভাঙচুর করেছে। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে। এ ঘটনার তীব্র নিন্দা ও দোষীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানান তিনি।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের বিষয়ে জানতে চাইলে সৈয়দ মেহেদী আহম্মেদ মন্তব্য করেন, ‘যারাই করুক, এটা তো উচিত হয়নি।’

ঝিনাইদহে যুবলীগের চেয়ারম্যানের জন্মদিন পালন

ঝিনাইদহে বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শেখ ফজলুল হক মনির ৮১তম জন্মদিন পালন করা হয়েছে। গতকাল রাতে সদর থানা

যুবলীগের আয়োজনে দলটির জেলা কার্যালয়ে এ উপলক্ষে আলোচনার সভার আয়োজন করা হয়।

সদর থানার যুবলীগের আহ্বায়ক শাহ মোহাম্মদ ইব্রাহিম খলিল রাজা এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক রাজু আহম্মেদ, পৌর যুবলীগের যুগ্ম আহ্বায়ক আব্দুল্লাহ আল মামুন, যুবলীগ নেতা ইখতিয়ার উদ্দিন, আশরাফুল ইসলামসহ যুবলীগের নেতাকর্মীরা। অনুষ্ঠানটি পরিচালনা করেন যুবলীগ নেতা নাজমুল হাসান মাহাদি।

আলোচনা সভা শেষে জন্মদিনের কেক কাটা হয়। এসময় বক্তারা, যুবলীগের নেতাকর্মীদের ত্যাগের মনোভাব নিয়েই বঙ্গবন্ধুর আদর্শ ও লক্ষ্যকে সামনে রেখে এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন বিএনপি’র

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচন-২০২১ বাংলাদেশ জাতীয়বাদী আইনজীবী ফোরামের নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন জানিয়েছে মেহেরপুর জেলা বিএনপি।

শনিবার সকাল ১১ টার সময় কোর্ট মোড় এলাকায় আইনজীবী ভবনের ৩য় তলায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আইনজীবী সমিতির ২০২০ সালে নির্বাচিত সাধারণ সম্পাদক এ্যাড. আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদক এ্যাড.ফরিদ উদ্দিন, জেলা বিএনপির সংগ্রামী সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, মুজিবনগর উপজেলা সভাপতি আমিরুল ইসলামসহ বিভিন্ন

কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙ্গার পর এবার গুলিও চালাল দুর্বৃত্তরা!

কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীন ভাস্কর্যে দুর্বৃত্তরা ভাঙচুর করেছে। এতে হাতসহ ভাস্কর্যের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। এরপর সন্ধ্যায় একদল বিক্ষুব্ধ মানুষ বিএনপি জেলা কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙচুর করে।

এদিকে রাত সাড়ে ৭টার দিকে ভাঙচুর করা বঙ্গবন্ধুর ওই ভাস্কর্যে গুলি বর্ষণ করা হয়েছে বলে জানা গেছে।

জানা যায়, শুক্রবার মধ্য রাতে দুর্বৃত্তরা নির্মাণাধীন বঙ্গবন্ধুর ভাস্কর্যটি ভাঙচুর করে বলে শনিবার দুপুরে নির্মাণকারী শ্রমিকরা জানায়। এ ঘটনা জানার পর পুলিশ জেলার সবগুলো ভাস্কর্যে নজরদারি শুরু করেছে। এরপর সন্ধ্যায় বিক্ষুব্ধ একদল মানুষ শহরের এনএস রোডে জেলা বিএনপির অফিসে হামলা করে সেখানে ভাঙচুর করে। এরপর রাত সাড়ে ৭টার দিকে ওই ভাস্কর্য লক্ষ্য করে দুই রাউন্ড গুলি বর্ষণ করে দুর্বৃত্তরা।

প্রত্যক্ষদর্শীরা জানায়, একটি নোহা মাইক্রোবাস থেকে সেখানে গুলি ছুড়ে সেটি ঝিনাইদহের দিকে চলে যায়। সর্বশেষ রাত ৯টার দিকে একদল বিক্ষুব্ধ লোকজন শহরের মজমপুর গেটে কুষ্টিয়া জেলা বিএনপির সাধারণ সম্পাদক সোহরাব উদ্দিনের ভাইয়ের মালিকানাধীন এসবি পরিবহনের অফিস ও কাউন্টার ভাঙচুর করে। এ সময় ছবি তুলতে গেলে দুজন সংবাদকর্মীও হামলার স্বীকার হন।

পৌরসভা সূত্র জানায়, গত নভেম্বর মাসের শুরুতে কুষ্টিয়া পৌরসভা কতৃপক্ষ ৩০ লাখ টাকা ব্যয়ে শহরের পাঁচ রাস্তার মোড়ের শাপলার

ভাস্কর্য ভেঙে সেখানে তিনটি প্রধান সড়ককে সামনে রেখে নিচের দিকে জাতীয় চার নেতার মুর্যালে উপরে বঙ্গবন্ধুর তিনটি ভাস্কর্যের নির্মাণ কাজ শুরু করে। ইতোমধ্যে শহরের মজমপুরের অংশে নির্মাণাধীন বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ দেওয়ার একটি ভাস্কর্য তৈরির কাজ প্রায় শেষের দিকে। গতকাল শুক্রবার রাতে কে বা কারা সেটির বিভিন্ন অংশ ভেঙে ফেলে।

কুষ্টিয়ার পুলিশ সুপার এস এম তানভীর আরাফাত বলেন, ঘটনাস্থলের সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করা হয়েছে। সেখানে রাত দুইটার দিকে দুজনকে ভাস্কর্য ভাঙচুর করতে দেখা যাচ্ছে। তাদের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। অচিরেই তাদের আইনের আওতায় আনা হবে।

কুষ্টিয়া পৌরসভার মেয়র আনোয়ার আলী বলেন, আওয়ামী লীগের বিরোধী বঙ্গবন্ধুকে যারা মানতে পারে না তারাই এই ঘটনা ঘটিয়েছে বলে ধারণা করা হচ্ছে। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে। এ ব্যাপারে থানায় মামলাও করা হচ্ছে।

এদিকে খুলনা বিভাগীয় পুলিশের অতিরিক্ত ডিআইজি এ কে এম নাহিদুল ইসলাম বলেছেন, বঙ্গবন্ধুর ভাস্কর্যে আঘাত দিয়ে দুর্বৃত্তরা আমাদের প্রাণে আঘাত করেছে। এদের কাউকেই ছাড় দেওয়া হবে না।

গতকাল রাতে কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে বঙ্গবন্ধুর নির্মাণাধীন ভাস্কর্যের আঘাত ও একই স্থানে গুলি বর্ষণের ঘটনাস্থল পরিদর্শন কালে তিনি সাংবাদিকদের একথা বলেন।

ফাঁকা গুলি ছোড়ার বিষয়ের প্রশ্নে অতিরিক্ত ডিআইজি এ.কে.এম নাহিদুল ইসলাম সাংবাদিকদের বলেন, বঙ্গবন্ধুর ভাস্কর্য যারা ভেঙেছে তারাই এই গুলির ঘটনা ঘটিয়েছে। আইনি প্রক্রিয়ায় কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি।

এ সময় কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাতসহ পুলিশের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে সভাপতি খান আখতারুজ্জামান,সাধারণ সম্পাদক জাকারিয়া মিলন

ঝিনাইদহে উৎসবমুখর পরিবেশে আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। গভীর রাত পর্যন্ত ভোট গণনা শেষে নির্বাচন কমিশনার এ্যাড.আজিজুর রহমান ফলাফল ঘোষণা করেন।

নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত প্যানেল সভাপতিসহ ১৩ টি পদে আর বিএনপি সমর্থিত প্যানেল সাধারণ সম্পাদকসহ ৬ টি পদে নির্বাচিত হয়েছে।

সভাপতি পদে আওয়ামী লীগ সমর্থিত এ্যাড. খান আখতারুজ্জামান ও বিএনপি সমর্থিত সাধারণ সম্পাদক পদে এ্যাড. জাকারিয়া মিলন নির্বাচিত হয়েছেন।

সহ-সভাপতি পদে আব্দুল খালেক-১, সহ-সাধারণ সম্পাদক পদে আব্বাস উদ্দিন, হিসাব নিরীক্ষক পদে আব্দুল খালেক সাগর, সাহিত্য ও গ্রন্থাগার সম্পাদক পদে আব্দুল আলিম-৩, ক্রীড়া ও প্রমোদ সম্পাদক পদে গৌতম কুমার বিশ্বাস, ধর্মীয় ও আপ্যায়ণ সম্পাদক পদে জাহিদুল ইসলাম জাহিদ, তথ্য ও প্রযুক্তি সম্পাদক পদে শাহিনুল ইসলাম শাহিন, সদস্য পদে মীর সাখাওয়াত হোসেন, হাবিবুল্লাহ বাহার, মঞ্জুরুল ইসলাম, সুভাষ বিশ্বাস মিলন, আসাদুজ্জামান বাবু, আ ম সোহানুর জোয়ার্দ্দার সাথী, বীনা খাতুন, মুশফিকুর ওয়ালিদ ইমরোজ, মুস্তাফিজুর রহমান মিথুন।

নির্বাচন কমিশনার এ্যাড. আজিজুর রহমান জানান, সুষ্ঠুভাবে ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে এবং গভীর রাত ১টার দিকে বেসরকারি ভাবে ফলাফল ঘোষণা করা হয়েছে। ২৭৩ জন ভোটারের মধ্যে ২৭১ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।

কালীগঞ্জে ছাত্রদলের মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কালীগঞ্জ উপজেলা, পৌর ও কলেজ শাখার নবগঠিত আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ঝিনাইদহ ৪ আসনের বিএনপি’র মনোনীত প্রার্থী জনাব মোঃ সাইফুল ইসলাম ফিরোজ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবর রহমান।

সভায় বক্তারা করোনা পরিস্থিতিতে ছাত্রদের পড়াশোনার দূরাবস্থা, বেকার সমস্যা সহ অনান্য বিষয় নিয়ে আলোচনা করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

প্যানেল পূর্ণাঙ্গ হয়নি ক্ষমতাসীনদের, সাবেক সেক্রেটারী স্বতন্ত্র সভাপতি

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ২৭ নভেম্বর শুক্রবার। প্রতি নির্বাচনে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ ও জাতীয়তাবাদী আইনজীবী পরিষদ এই দুটি প্যানেল থেকে নির্বাচন অনুষ্ঠিত হয়।

প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছেন। ফলে ১১ জনকে নিয়েই নির্বাচন করতে হচ্ছে।

একক সভাপতি প্রার্থী অ্যাড. মিয়াজান আলী বলেন, রাজনীতির মত করে আইনজীবী সমিতিকেও দ্বিখণ্ডিত করার চেষ্টা করছেন কিছু আইনজীবীরা। ফলে নির্বাচনে আমিসহ অ্যাড. ইয়ারুল ইসলামের সাথে বসার কথা বলেও তারা বসেননি। যার ফলে একক ভাবে সভাপতি প্রার্থী হওয়ার সিদ্ধান্ত নিয়েছি।

প্রসঙ্গত, আগামী ২৭ নভেম্বর মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে। সকাল ৮টায় শুরু নামাযের বিরতি দিয়ে বিকাল ৪টায় ভোট গ্রহণ শেষ হবে। এবার ১২৩ জন ভোটার ভোটাধিকার প্রয়োগ করবেন।

চুয়াডাঙ্গায় বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির জেলা সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি (মার্কসবাদী) চুয়াডাঙ্গা জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টায় শহরের টাউন ফুটবল মাঠের পাশে জেলা কার্যালয়ে এ সম্মেলন অনুষ্টিত হয়। সম্মেলনে কমরেড সৈয়দ মজনুর রহমানকে সভাপতি ও কমরেড আলাউদ্দিন উমরকে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়।

সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা শাখার সদস্য কমরেড মুনসুর আলী। প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য মিজানুর রহমান ভিটু।

সম্মেলনে দ্বিবার্ষিক কমিটি ঘোষণা করা হয়। কমিটির নেতারা হলেন সভাপতি কমরেড সৈয়দ মনজুর রহমান, সাধারণ সম্পাদক কমরেড আলাউদ্দিন উমর, সাংগঠনিক সম্পাদক কমরেড আব্দুস সামাদ, কোষাধ্যক্ষ কমরেড অ্যাডভোকেট বদর উদ্দিন, দপ্তর সম্পাদক কমরেড মুনসুর আলী এবং

সদস্য নির্বাচিত হন কমরেড ডা. আব্দুর রশিদ, কমরেড সেকেন্দার আলী, কমরেড ফরহাদ হোসেন, কমরেড কল্পনা বেগম ও কমরেড দোস্ত মোহাম্মদ।

মেহেরপুরের বারাদীতে চেয়ারম্যান প্রার্থী মোমিনের গণ সংযোগ

মেহেরপুর সদরের নবগঠিত বারাদী ইউনিয়ন নির্বাচনকে সামনে রেখে জয় বাংলা জয় বঙ্গ বন্ধু স্লোগানে গণসংযোগ ও মটর সাইকেল র্যালি বের করা হয়।

গতকাল শুক্রবার বাদ আছর চেয়ারম্যান প্রার্থী মোঃ মোমিনুল ইসলাম মোমিন এ মটর সাইকেল র্যালি বের করেন।

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান পদে নির্বাচন করবেন বলে মোমিনুল ইসলাম জানান। তিনি বারাদী ইউনিয়নের বিভিন্ন গ্রামসহ এলাকায় সমর্থকদের নিয়ে গণসংযোগ ও নির্বাচনী প্রচারণা চালান।

এ সময় উপস্থিত ছিলেন বারাদী ইউনিট আওয়ামী লীগের সভাপতি শামিম ফেরদৌস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম, সাবেক ৪ নাম্বার ওয়ার্ড সভাপতি মুক্তি মিয়া সাধারণ সম্পাদক খাকছার আলী ৫ নং ওয়ার্ড সভাপতি শফিকুল ইসলাম শফি সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন মুলুক, ৬ নং ওয়ার্ড সভাপতি সাইদুর রহমান, সাধারণ সম্পাদক সাঈদ, আওয়ামী লীগ নেতা দেলোয়ার,

বারাদী বাজার কমিটির সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান সাজ্জাদ, সাবেক ছাত্রনেতা বেলাল উদ্দিন মানিক, যুবলীগ নেতা সালাউদ্দিন, শরিফুল ইসলাম, সোহেল রানা, আহসান হাবীব, ছাত্রলীগ সভাপতি আল মামুন সাধারণ সম্পাদক রবিন, বারাদি ইউনিট আওয়ামী লীগ যুগ্ম-সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান, সহ-সভাপতি সাজ্জাদুর রহমান

মুলাম, সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলাম প্রমুখ।

চুয়াডাঙ্গায় তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী পালন

চুয়াডাঙ্গায় প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গায় রজব আলী সুপার মার্কেটে জেলা বিএনপির কার্জলয়ে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আয়োজনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা ৬ টার সময় তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়।

জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর এবং মেয়র পদপ্রার্থী মোঃ সিরাজুল ইসলাম মনির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বােচেন বিএনপির মনোনীত প্রার্থী জনাব শরীফুজ্জামান শরীফ।

তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ও বিএনপির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী দেশমাতা বেগম খালেদা জিয়ার পুত্র এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর ৫৬ তম জন্মদিনে আমাদের কে শপথ নিতে হবে সকল অন্যায় অনিয়ম বিরুদ্ধে সকল দেশ প্রেমিক জনগণকে ঐক্যবদ্ধ হয়ে রাজপথে এই বিনা ভোটের সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম এর উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবু, জেলা বিএনপির সাবেক যুগ্ম-সম্পাদক মাহমুদ হাসান পল্টু, জেলা সেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, যুগ্ম-সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন,

জেলা সেচ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত।

আরও উপস্থিত ছিলেন, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস, জেলা যুবদলের সদস্য খায়রুল আলম, নাজমুল হক নাজমুল, জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সাধারণ সম্পাদক হাসান মাস্টার, রুবেল হাসান, তুহিন ইসলাম তুহিন, মিঠু, পলাশ, জেলা ছাত্রদলের নেতা এম এম মোস্তফা, শাহাবুদ্দিন, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক আমানুল্লাহ আমান, আকাশ, জিতু হাসান, আমের হোসেন, আবিদ, রাসিব, আরিফুল, আরমান।